



## পিআইবি'র ইনোভেশন টিম এর ২৪.০৯.২০১৯ তারিখ সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিম এর একটি সভা ২৪.০৯.২০১৯ তারিখ সকাল ১১.০০ টায় পরিচালক (প্রশাসন) জনাব মো. ইলিয়াস ভূইয়া-এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্নরূপঃ

| ক্র.নং | নাম ও পদবী  | কমিটির পদবী |
|--------|---|-------------|
| ১.     | ড. কামরুল হক, গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি), চ.দা        | সদস্য       |
| ২.     | মো. জাকির হোসেন, উপপরিচালক (প্রশাসন), চ.দা                  | সদস্য       |
| ৩.     | মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অ.দা | সদস্য       |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা জানান, “জাতীয় যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮”-এর কর্মপরিকল্পনা অনুযায়ী পিআইবি'র করণীয় বিষয় নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন তথ্য মন্ত্রণালয়ে পাঠানো হয়। মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ছক অনুযায়ী উক্ত প্রতিবেদনে ইনোভেশন, সিটিজেন চার্টার, GRS, APA, NIS সংক্রান্ত কিছু কিছু বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া গত মাসের সভার কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত উদ্ভাবনগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। “অনলাইনে সাংবাদিকদের প্রশিক্ষণের ব্যবস্থা” বিষয়ক কার্যক্রমটি গত কয়েক বছর ধরে সন্তোষজনকভাবে চলমান রয়েছে। বর্তমানে যে চারটি বিষয়ের উপর অনলাইন কোর্স চলমান রয়েছে তা অক্টোবর ২০১৯ মাসে সম্পন্ন হবে। পিআইবি'র মোবাইল এপ্লিকেশন তৈরির বিষয়ে মোবাইল গেইমস প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে উদ্যোগ নেয়া হয়েছে। সে অনুযায়ী কাজ চলছে। এছাড়া পিআইবি'র প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তি (Duplication) রোধকল্পে প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজ তৈরি করার কার্যক্রম চলমান রয়েছে।

তাছাড়া সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পাদনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে সহযোগিতার অনুরোধ জানান।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

2/28/19

(মো. ইলিয়াস ভূইয়া)  
ইনোভেশন অফিসার

ও

পরিচালক (প্রশাসন)